

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০০.০০০০.১০৭.০৫.০০৮.২০১৬-২৭৯(১২০০)

তারিখ: ১৭ অক্টোবর, ১৪২৩।  
০১ ডিসেম্বর, ২০১৬।


বিষয়: উদ্ভাবনী ধারণার (Innovation Idea) প্রস্তাব প্রেরণ।

মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী উদ্ভাবন চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন ও স্বল্প সময়ে জনগণের কাছে সেবা পৌঁছে দেয়াই এ ইনোভেশন টিমের মূল লক্ষ্য।

২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বিভিন্ন ধরনের উদ্ভাবনী ধারণা বিদ্যমান রয়েছে। ইতোমধ্যে অনেকে এরূপ ধারণা সম্পর্কে অধিদপ্তরকে অবহিতও করেছেন। সারাদেশে বিরাজমান এরূপ ধারণাসমূহ সংগ্রহ করে সেগুলো যাচাই বাছাই করে গ্রহণযোগ্য ধারণাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের ইনোভেশন টিম কাজ করে যাচ্ছে। সেজন্যে মাঠ পর্যায় থেকে ধারণাসমূহ সংগ্রহ করা হবে।

৩। মাঠ পর্যায় থেকে উদ্ভাবনী ধারণাসমূহ সংগ্রহের নিমিত্ত একটি ফরম্যাট প্রস্তুত করা হয়েছে। উক্ত ফরম্যাটে ধারণা প্রেরিত হলে তা যাচাই বাছাই অন্তে গৃহীত ধারণার জন্য প্রনোদনা/পুরস্কারসহ তা সারাদেশে বিস্তারের পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪। বর্ষিতাবছায়, তার অধিনস্থ কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকবৃন্দের নিকট থেকে সংযুক্ত ফরম্যাটে উদ্ভাবনী ধারণার প্রস্তাবনা সংগ্রহ করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিম্নোক্ত ২টি ই-মেইল: [rokhsanahyder@gmail.com](mailto:rokhsanahyder@gmail.com) ও [ddestabdpe@gmail.com](mailto:ddestabdpe@gmail.com)-এ আগামী ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



মো: তসলীমুল ইসলাম  
সিস্টেম ম্যানেজার (যুগ্ম সচিব)

ও

ইনোভেশন অফিসার  
টেলিফোনঃ ৫৫০৭৯৯০৩

email: [taslimulislam@gmail.com](mailto:taslimulislam@gmail.com)

প্রাপক:

- ১। বিভাগীয় উপপরিচালক, সকল(তাঁর অধিনস্থ সকল ডিপিইও, সুপার, টিইও, ইন্সট্রাক্টরগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)।
- ৫। ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি, (সকল)।
- ৬। অফিস নথি।

স্মারক নং- ৩৮.০০.০০০০.১০৭.০৫.০০৮.২০১৬-২৭৯(১২০০)

তারিখ: ১৭ অক্টোবর, ১৪২৩।  
০১ ডিসেম্বর, ২০১৬।

সদয় অবগতির জন্য:

- ১। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



মো: তসলীমুল ইসলাম  
সিস্টেম ম্যানেজার